অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/1/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টর্ম কিং আর্ট সেন্টারে 53 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়নের সমাপ্তির ঘোষণা দিয়েছেন

উন্নয়ন প্রকল্পটি শিল্প ও সংস্কৃতিতে 11.3 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগকে তুলে ধরে

গভর্নর Hochul (হোকল) নতুন ভবন ও প্রাকৃতিক দৃশ্যের মাধ্যমে স্টর্ম কিং আর্ট সেন্টার (Storm King Art Center, SKAC) টি পুনরায় চালু করার ঘোষণা প্রদান করেছেন, যার মধ্যে অন্তর্ভূক্ত থাকবে সমন্বিত পার্কিং ব্যবস্থা ও অ্যাক্সেসযোগ্য সুযোগ সুবিধার পাশাপাশি অতিথি পরিষেবা কেন্দ্র; একটি সংরক্ষণাগার, সৃজনশীল ও রক্ষণাবেক্ষণ ভবন নির্মাণ; এবং সমন্বিত প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও পরিবেশগত স্থায়িত্বের জন্য একটি বিস্তৃত প্রক্রিয়া। 53 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস (New York State Council on the Arts, NYSCA), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) ও নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এর 11.3 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের মাধ্যমে সহায়তাপ্রাপ্ত।

"স্টর্ম কিং আর্ট সেন্টারটি বিশ্বের অন্যতম সুন্দর প্রাকৃতিক দৃশ্যের পাশাপাশি বিশ্বমানের শিল্প ও সংস্কৃতিকে সংযুক্ত করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "স্টর্ম কিং আর্ট সেন্টারের এই অবিশ্বাস্য সম্প্রসারণের মাধ্যমে, হাডসন ভ্যালি (Hudson Valley) পর্যটনের সম্প্রসারণ, উন্নয়নের সম্ভাবনা বৃদ্ধি এবং শিল্প ও সংস্কৃতির সংস্কারমূলক শক্তি থেকে উপকৃত হবে।"

অরেঞ্জ কাউন্টির (Orange County) নিউ উইন্ডসর (New Windsor) শহরে অবস্থিত স্টর্ম কিং আর্ট সেন্টার স্থানীয় ও আন্তর্জাতিক হাডসন ভ্যালি ল্যান্ডস্কেপের 500 একরের মধ্যে ভাস্কর্য প্রতিষ্ঠা করে। ক্রমাগত অগ্রগতির চাহিদার সাথে, স্টর্ম কিং দর্শনার্থীদের অভিজ্ঞতা বৃদ্ধি করতে ও এর শিল্প, প্রকৃতি ও জনগণের সুরক্ষার জন্য একটি উন্নয়ন প্রকল্প চালু করেছে। সম্পূর্ণ প্রকল্পটিতে একাধিক উপাদান রয়েছে: যেমন একটি টিকিট ও সহায়তা কেন্দ্র, বিশ্রামাগার কেন্দ্র ও গ্রুপ প্যাভিলিয়ান অন্তভূক্ত রয়েছে – দর্শনার্থীদের আতিথেয়তার জন্য নতুন স্থান যা একটি আউটডোর লবির মাধ্যমে একত্রিত হয় এবং স্থানীয় বৃক্ষরোপনের মাধ্যমে পরিকল্পিত; এবং সংরক্ষণ, তৈরি ও রক্ষণাবেক্ষণের জন্য অত্যাধুনিক ডেভিড আর. কলেনস বিল্ডিং (David R. Collens Building), যা শিল্পীদের সাথে জাদুঘরের কাজ ও এর সংগ্রহের রক্ষণাবেক্ষনকে সহায়তা

করে। এই প্রকল্পটি যাদুঘরের প্রাঙ্গনের মধ্যে দুটি পূর্বে নির্ধারিত পার্কিং এলাকা পুনরুদ্ধার করে, শিল্প ও প্রোগ্রামিংয়ের জন্য পাঁচ একর নতুন ল্যান্ডস্কেপ তৈরি করে।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস - এর নির্বাহী পরিচালক Erika Mallin (এরিকা ম্যালিন) বলেন, "এই ধরনের গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলো আমাদের সেক্টরের গুরুত্ব ও প্রভাবের বিষয়ে ও স্টেট জুড়ে শিল্প ও সংস্কৃতির বৈচিত্র্যকে সহায়তা করার বিষয়ে গভর্নর ও আইনসভার উপলব্ধিকে তুলে ধরে। এই ধরণের সহায়তার মাধ্যমে, স্টর্ম কিং হাজার হাজার নতুন দর্শনার্থীকে এই মনোমুগ্ধকর গন্তব্যস্থলের অভিজ্ঞতার অর্জনের জন্য আকৃষ্ট করবে যা আগামী প্রজন্মের বাসিন্দা ও দর্শনার্থীদের সেবা প্রদান করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "হাডসন ভ্যালির চমৎকার দৃশ্যের বিপরীতে মনোমুগ্ধকর স্থাপনা ও প্রদর্শনী সহ, যা প্রজন্মের পর প্রজন্ম ধরে শিল্পীদের অনুপ্রাণিত করে আসছে, স্টর্ম কিং নিউ ইয়র্কের এক অনন্য অভিজ্ঞতা। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ও মিড হাডসন রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Mid Hudson Regional Economic Development Council) স্টর্ম কিং-এর সম্প্রসারণকে সহায়তা করতে পেরে গর্বিত, যা শুধুমাত্র দর্শনার্থী, বাসিন্দা ও শিল্পপ্রেমীদের মধ্যে ক্রমবর্ধমান আগ্রহ বৃদ্ধি করবে না বরং এই এলাকার মধ্যে ও স্টেট জুড়ে এই সাংস্কৃতিক গন্তব্যের অর্থনৈনিক প্রভাবকে শক্তিশালী করবে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "আজ আমরা সৃজনশীল সমাধানের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের জন্য বিদ্যুতের উন্নয়নের অগ্রগতিকে এগিয়ে নেওয়ার জন্য সরকারি-বেসরকারি সংযোগিতার কর্তৃত্বকে উদযাপন করছি। নতুন স্টর্ম কিং আর্ট সেন্টার দর্শনার্থীদের অভিজ্ঞতায় টেকসই নিমার্ণ প্রক্রিয়ায় অন্তর্ভুক্তিতে তার একটি উদাহরণ যে কীভাবে এই অকল্পনীয়ভাবে গুরুত্বপূর্ণ কাজটি নিউ ইয়র্কের বিদ্যমান প্রাকৃতিক দৃশ্যের সাথে অনায়াসে মিশে যেতে পারে এবং হাডসন ভ্যালির অর্থনৈতিক উন্নয়নে সাহায্য করতে পারে।"

স্টর্ম কিং-এর নির্বাহী পরিচালক Nora Lawrence (নোরা লরেন্স) বলেন, "পরিকাঠামো প্রকল্পটি উদ্বোধন এবং একটি মনোমুগ্ধকর প্রদর্শনীর মৌসুম শুরু করার পাশাপাশি স্টর্ম কিংয়ে দর্শকদের স্বাগত জানাতে পেরে আমি আনন্দিত। এই প্রকল্পের ফলে নিরপেক্ষভাবে পরিকল্পনা করা স্পেসগুলো তৈরি হয়েছে যা স্টর্ম কিং কোন জিনিসগুলো সবচেয়ে ভালোভাবে করে এবং উন্নত করে – মানুষকে প্রকৃতির শিল্পের সাথে এক অনন্য অভিজ্ঞতা প্রদান করে। এটি একটি টেকসই ভবিষ্যতের দিকে আমাদের লক্ষ্য ও প্রতিশ্রুতিকে স্পষ্টভাবে প্রকাশ করে, এটি নিশ্চিত করে যে স্টর্ম কিং সাফল্য অর্জন করতে পারে এবং আগামী প্রজন্মের সাথে সেই অভিজ্ঞতাকে ভাগাভাগি করে নিতে পারে।"

স্টেট সিনেটর James Skoufis (জেমস স্কুফিস) বলেন, "স্টর্ম কিং আর্ট সেন্টারের অবকাঠামো প্রকল্পটি আমাদের এলাকার জন্য একটি অসাধারণ, উন্নয়নমূলক সংযোজন, যা এই অসাধারণ স্থানটির বর্ধিত সৃজনশীল সুযোগ ও যথাযথ পরিচালনা প্রদান করে থাকে। আমি সেন্টারটির শিল্পটির ক্রমাগত সম্প্রসারণ ও পরিদর্শনকারী সকলের জন্য অ্যাক্সেসযোগ্যতা

প্রত্যক্ষ করতে পেরে অত্যন্ত আনন্দিত এবং আমি এই অসাধারণ লক্ষ্যকে সহায়তা করার জন্য গভর্নর ও স্টর্ম কিং-এর নেতৃত্বের প্রশংসার করি।"

কর্নওয়াল টাউনের সুপারভাইজার Josh Wojehowski (জশ ওজেহোস্কি) বলেন, "স্টর্ম কিং আর্ট সেন্টারের 53 মিলিয়ন মার্কিন ডলারের দূরদর্শী পরিকল্পনাটি স্থানীয়, কাউন্টি ও স্টেট সরকারগণ যখন আঞ্চলিকভাবে গুরুত্বপূর্ণ একটি প্রকল্পে একসাথে কাজ করে তখন একটি সরকারি-বেসরকারি সহযোগিতা কী কী প্রদান করতে পারে সে বিষয়ের একটি ভাল উদাহরণ। এই চূড়ান্ত ফলাফলটি দর্শনার্থী, কর্মী ও শিল্পীদের আর্ট সেন্টারের অভিজ্ঞতা বৃদ্ধি করার উপায়কে বৃদ্ধি করবে। কর্নওয়াল (Cornwall) টাউন ও স্থানীয় ব্যবসায়ী কমিউনিটি আমাদের শহরের কেন্দ্রস্থল এলাকায় তাদের ভ্রমণ বৃদ্ধি করার জন্য আর্ট সেন্টার দর্শনার্থীদের জন্য অতিরিক্ত সুযোগ তৈরি করবে এবং আমাদের কমিউনিটির সকল অফারের সুবিধা নিতে SKAC এর সাথে কাজ করার অপেক্ষায় রয়েছে।"

স্টর্ম কিং আর্ট সেন্টারের বিষয়ে আরও জানুন এখানে.

নিউ ইয়র্ক স্টেটের শিল্প পরিষদের ব্যাপারে

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের (Council on the Arts) এর মিশন হল সকলের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিল্প, সংস্কৃতি, এবং সৃজনশীলতার সম্পূর্ণ ব্যাপ্তি প্রতিপালন ও উন্নত করা। নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিল্পকলার চলমান ক্রমাগত রক্ষণাবেক্ষণকে সহায়তা করার জন্য, কাউন্সিল অন দ্য আর্টস 2025 অর্থ বছরের জন্য 162 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ প্রদান করবে, যা 10টি স্টেট অঞ্চলের সকল সংগঠন ও শিল্পীদের সেবা প্রদান করবে। নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরও এগিয়ে নিয়ে যেতে আর্ট কাউন্সিল নেতৃত্বের জন্য আরও লোক নিয়োগ করে সাংগঠনিক ও পেশাদার উন্নয়নের পথ প্রশস্ত করে তথ্য সম্পদকে আরও সমৃদ্ধ করছে। 1960 সালে গভর্নর Nelson Rockefeller (নেলসন রকফেলার) কর্তৃক তৈরি এবং গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভার সমর্থনে অব্যাহত, কাউন্সিল হল একটি সংস্থা যা নির্বাহী শাখার অংশ। NYSCA সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে arts.ny.gov ভিজিট করুন এবং NYSCA-এর ফেসবুক পেজে, X (পূর্বে টুইটার) এ @NYSCArts ও ইন্সট্রাগ্রামে @NYSCouncilontheArts নামে ফলো করুন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। ESD হল আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Regional Economic Development Councils) ও স্টেটের বিখ্যাত পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" ("I LOVE NEW YORK")-এর মার্কেটিং এর প্রধান নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

আঞ্চলিক কাউন্সিল ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের বিষয়ে আরও তথ্যের জন্য, www.regionalcouncils.ny.gov ও www.esd.ny.gov ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (About New York State Energy Research and Development Authority) এর সম্পর্কে

প্রকল্পটি NYSERDA-এর বিল্ডিং ক্লিনার কমিউনিটিজ কম্পিটিশন (Building Cleaner Communities Competition) এর মাধ্যমে 600,000 মার্কিন ডলারের বরাদ্দ পেয়েছে, যাতে করে প্রতিরক্ষাযোগ্য ভবন নির্মাণের পদ্ধতিগুলো বাস্তবায়ন করা যায়, যেমন এয়ার সোর্স হিট পাম্প, পরিবেশ বান্ধব স্থাপত্যের নকশা, তাপ ও আদ্রতা পুনরুদ্ধারের মাধ্যমে বায়ুচলাচল ব্যবস্থা, টেকসই ভবনের সুরক্ষা, সৌর ছাদ ব্যবস্থা, এর পাশাপাশি অবকাঠোমো, 12টি বৈদ্যুতিক গাড়ির চার্জিং স্টেশন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন